



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (৪র্থ খন্ড)/২০১১/১২০

তারিখঃ ১৪ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ
২৯ আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

স্বাধীনতার মহান স্বপ্নদ্রষ্টা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪ তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০১৯' পালন উপলক্ষে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক মাসব্যাপী নিম্নোক্ত কর্মসূচি পালন করা হয়ঃ

কর্মসূচি - ১ঃ ১৫ আগস্ট, ২০১৯ঃ

- জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়;
- কমিশনের সকল কর্মচারীকালো ব্যাচ ধারণ;
- শোক দিবসের ভাবগাম্ভীর্য বজায় রাখার জন্যে সিকিউরিটিজ কমিশন ভবনে বঙ্গবন্ধুসহ ১৫ আগস্টের শহীদদের স্মৃতি সংবলিত বিভিন্ন প্র্যাকার্ড ও ব্যানার টানানো হয়;
- কমিশনের সকল কর্মচারীর অংশগ্রহণে শোক র্যালী করা হয়;
- শোক র্যালী শেষে ধানমন্ডি ৩২ এ অবস্থিত স্বাধীন বাংলাদেশের স্বপ্নদ্রষ্টা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে কমিশন কর্তৃক পুষ্পস্তবক অর্পণ করা হয়।


কর্মসূচি - ২ঃ ২৫ আগস্ট, ২০১৯ঃ আলোচনা অনুষ্ঠান

জাতীয় শোক দিবসের কর্মসূচির অংশ হিসাবে সিকিউরিটিজ কমিশন ভবনের মাল্টিপারপাস হলে বিকাল ০৩.০০ ঘটিকায় কমিশনের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে একটি আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা জনাব এইচ, টি, ইমাম উপস্থিত ছিলেন। সভায় স্বাধীনতার মহান স্বপ্নদ্রষ্টা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়।

কর্মসূচি - ৩ঃ ২৮ আগস্ট, ২০১৯ঃ দোয়া মাহফিল

জাতীয় শোক দিবসের কর্মসূচির অংশ হিসাবে সিকিউরিটিজ কমিশন ভবনের মাল্টিপারপাস হলে বিকাল ৩.৩০ ঘটিকায় ১৫ আগস্ট এর শহীদদের স্মরণে দোয়া মাহফিলের আয়োজন করা হয়। দোয়া মাহফিলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, তাঁর পরিবারের সকল সদস্য এবং অন্য শহীদদের আত্মার মাগফিরাতের জন্যে মোনাজাত করা হয়। এর আগে খতমে কোরআন সম্পন্ন করা হয়, যাতে ১৫ জন কোরআন এ হাফেজ অংশগ্রহণ করেন।

এছাড়া, কমিশনের গুরুত্বপূর্ণ অংশীজন যথা ঢাকা স্টক এক্সচেঞ্জ, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ ও সিডিবিএল কে জাতীয় শোক দিবসের কর্মসূচি পালনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। এ উপলক্ষে ঢাকা স্টক এক্সচেঞ্জ, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ ও সিডিবিএল জাতীয় শোক দিবস উপলক্ষে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করে।


২১/০৮/২০১৯

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।



১৫ আগস্ট ২০১৯ তারিখে শোক র্যালী শেষে ধানমন্ডি ৩২ এ অবস্থিত স্বাধীন বাংলাদেশের স্বপ্নদ্রষ্টা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে কমিশন কর্তৃক পুষ্পস্তবক অর্পণ



২৫ আগস্ট ২০১৯ তারিখে জাতীয় শোক দিবসের কর্মসূচির অংশ হিসাবে সিকিউরিটিজ কমিশন ভবনের মাল্টিপারপাস হলে একটি আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর রাজনৈতিক বিষয়ক উপদেষ্টা জনাব এইচ, টি, ইমাম।



২৮ আগস্ট ২০১৯ তারিখে জাতীয় শোক দিবসের কর্মসূচির অংশ হিসাবে সিকিউরিটিজ কমিশন ভবনে ১৫ আগস্ট এর শহীদদের স্মরণে দোয়া মাহফিলের আয়োজন করা হয়।